দৈনিক ইনকিলাব

তারিখ 11 JUL 1987
পৃষ্ঠা ৮ কলাম ১

233

# উপজেলা পরিক্রমা

## শাল্লা

সুনামগঞ্জ, ১২ জুলাই (সংবাদদাতা)।— শাল্লা সুনামগঞ্জ জেলার একটি উপজেলা। উপজেলাটি বিজ্ঞান জগতের সব ধরনের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত। উপজেলা শাল্লার মোট আয়তন ৯৮.৬৬ বর্গমাইল। ১৯৮১ সালের আদম শুমারী মতে এখানে প্রায় ৭০ হাজার ৫শ' ২১ জন লোকের বাস। মোট জনসংখ্যার প্রায় অর্ধেক মহিলা। মোট ইউনিয়ন সংখ্যা ৪।

### কৃষি

কৃষি শাল্লা উপজেলার মানুষের জীবিকার একমাত্র অবলম্বন। এখানে প্রায় ৪৮ হাজার ৬শ' ৪০ একর জমিতে চাষাবাদ হয় প্রতি বছর। সিংহভাগ জমিই এক ফসলী বোরো।

বোরো ফসলের উপর বির্ভর বিধায় শাল্লাবাসীর ভাগ্যের কোন উন্নতি নেই। বুক ভরা আশা নিয়ে দরিদ্র চাষী প্রতি বছর ফসলের আবাদ করে থাকে। কিন্তু সর্বগ্রাসী বন্যা সে ফসল ঘরে তুলতে দেয় না। তাছাড়া শিলাবৃষ্টি খরাসহ নানাবিধ প্রাকৃতিক দুর্যোগে এ উপজেলায় ব্যাপক ফসলহানি ঘটে থাকে। শাল্লা উপজেলায় এখনও প্রায় ১২ হাজার ১শ' ২২.৩৫ একর জমি খাস।

### জলমহাল

এক সময় যেখানে উৎপন্ন হয় কোটি কোটি টাকার বোরো ফসল শাল্লা উপজেলার সেই হাওরগুলোই কিন্তু বর্ষায় সমুদ্রের রূপ ধারণ করে। যেদিকেই চোখ যায় দেখা যায় পানি আর পানি। এ হাওরগুলো মৎস্য উৎপাদনের বিরাট ভাণ্ডার। এখানে কোটি কোটি টাকার মৎস্য উৎপন্ন হয় প্রতিবছর। মোট ১৭টি হাওর রয়েছে এখানে। ছোট বড় মিলিয়ে জলমহাল আছে ১২৩টি।

### যোগাযোগ

যোগাযোগের দিক থেকে শাল্লা উপজেলা সারা দেশ থেকে বিচ্ছিন্ন হয়ে আছে যুগের পর যুগ ধরে। পুলিশ ওয়ারলেছে তরিৎ যোগাযোগ করতে পারে কেবল পুলিশ প্রশাসন। আর অন্যান্যদের পক্ষে যোগাযোগ নির্ভর করে জেলা সদর সুনামগঞ্জ থেকে প্রায় ৩০ মাইল হাটা। এ হাটার জন্য কোন সড়ক স্থাপিত হয়নি। এখনও হেমন্তে হাওরের পাড়ে পাড়ে পায়ে চলা মেঠো পথ ধরে যেতে হয় শাল্লা। বর্ষায় নৌকা শাল্লার সাথে যোগাযোগের একমাত্র ভরসা।

### হাটবাজার

শাল্লা উপজেলায় কোন হাট-বাজার নেই। উপজেলার প্রায় ৭১ হাজার অধিকারী প্রয়োজনীয় কোন বেচার জন্য পার্শ্ববর্তী জেলা হবিগঞ্জ ও এর বিভিন্ন উপজেলার উপর পুরোপুরি নির্ভরশীল। সম্প্রতি শাল্লা উপজেলায় একটি বাজার স্থাপনের জন্য উপজেলার সর্বশ্রেণীর মানুষ উদ্যোগ নিয়েছে। বাজারটি পরিকল্পিতভাবে স্থাপিত হলে উপজেলার বহুসংখ্যক মানুষ উপকৃত হবে।

### শিক্ষা

শাল্লার মতো পানির দেশে কোমলমতি শিশুদের মধ্যে শিক্ষা আলো ছড়ানো বেশ দুঃসাধ্য ব্যাপার। এ উপজেলার সিংহভাগ মানুষ খুবই গরীব বিধায় শিক্ষার দিকে অভিভাবকদের তেমন নজর নেই। এখানে প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৫৮টি। উচ্চ বিদ্যালয় আছে ৪টি। এর মধ্যে একটি বালিকা বিদ্যালয়। উপজেলা প্রশাসনের এর আন্তরিক উদ্যোগে সম্প্রতি এখানে একটি কলেজও স্থাপিত হয়েছে।

### চিকিৎসা

শাল্লা উপজেলাবাসীর সুচিকিৎসার নিশ্চয়তা বিধান কল্পে এখানে হাসপাতালের একটি সুরম্য প্রাসাদ গড়ে উঠেছে। হাসপাতালের আধুনিক এ ভবনটিতে এসে রোগীরা আধুনিকতার সামান্যতম ছোঁয়া পাচ্ছেন না। ওষুধ সংকট লেগেই আছে। ডাক্তার সাহেবদের দর্শন পাওয়ার জন্য দারিদ্র রোগীদের ঘন্টার পর ঘন্টার প্রতিক্ষায় থাকতে হয়।